শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৪-৫৩২

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৬ / ২০ অক্টোবর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলায় গত ১১.০৯.১৪ তারিখের রায়ের হাল তারিখের সার্টিফাইড কপি এবং কনটেম্পট পিটিশন নং-১৬০/২০১৫ মামলার সর্বশেষ অবস্থার তথ্যাদি TMED -তে প্রেরণ।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.(৪০).১৯-২৯৬ তারিখ: ২৪.০৯.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকমূলে জানানো হয়েছে যে, পাবনা জেলার সদর উপজেলাধীন খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসাটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৬.০৫.১০ তারিখের শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে এমপিওভুক্তির আদেশপ্রাপ্ত হয় এবং পরবর্তীতে ৩১.০৫.১০ তারিখের শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের এমপিওভুক্তির আদেশ অকার্যকর করা হয়।

০২। এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানের নাম বাতিল করায় প্রতিষ্ঠানের সভাপতি জনাব মো: লুৎফর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৭১২/১৪ দায়েরকরা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১১.০৯.১৪ তারিখে নিম্নোক্ত রায়/নির্দেশনা প্রদান করা হয়:

The respondents concerned are hereby directed to enclude the name of the said institution in the list of MPO for the financial year 2009-10 provided it fulfills the requirements as stipulated in the বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (in shord the janabal kathamo, 2010) within a period of 90 (ninety) days from date of receipt of the copy of this judgment and order.

০৩। বর্ণিত রিট মামলাটি ২০১৪ সালে দায়ের করা হয় এবং ১১.০৯.১৪ তারিখে রায় হয়। তখন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা হয়নি। মাদ্রাসা সংক্রান্ত সকল বিষয় মাউশি অধিদপ্তরের আওতাধীন ছিল। মহামান্য হাইকোর্টের উপরিউক্ত রায়ের বিরুদ্ধে মাউশি অধিদপ্তর কর্তৃক কোন আপীল দায়ের হয়েছিল মর্মে কোন প্রমাণ পাওয়া যায়নি। উল্লেখ্য যে, প্রতিষ্ঠান কর্তৃক ০৩.০৯.১৯ তারিখে দাখিলকৃত কাগজপত্রের আলোকে মহোদয় কর্তৃক জানানো হয় যে, রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলা ও কনটেম্পট পিটিশন নং-১৬০/১৫ মামলা সম্পর্কে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর অবগত হয়।

০৪। মহামান্য হাইকোর্টের উপরি-উক্ত রায় বাস্তবায়িত না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্টে কনটেম্পট পিটিশন নং-১৬০/২০১৫ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫.০৭.১৫ তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:

"Let a rule Nisi calling upon the respondent contemner to show cause as to why a proceedings of contempt of court shall not be drawn against her for willful and deliberate violation of the judgment and order dated 11.09.14 passed by the Hon'ble High Court Division of the Supreme Court of Bangladesh comprising their lordships madam justice Farah Mahbub and Mr. Justice kazi Md. Ejarul Haque Akondo in writ petition No. 5712 of 2014 directing the contemner-respondent to include the name of the petitioners institution in the list of MPO for the financeial year 2009-2010 provided it fulfilled the requirements as stipulated in the বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (in shord the janabal kathamo, 2010) within a period of 90 (ninety) days from date of receipt of the copy of this judgment and order and or such other or further order or orders passed as to this court may seem fit and proper'"

০৫। উক্ত কনটেম্পট মামলায় বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি জনাব মো: লুৎফর রহমান কর্তৃক প্রফেসর ফাহিমা খাতুন মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে কনটেম্পটনর-রেসপনডেন্ট করা হয়। যেহেতু বর্তমানে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর মাদ্রাসা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা করে সেহেতু আলোচ্য বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের করণীয় রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

০৬। জনৈক জনাব মো: লুৎফর রহমান কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-১৬০/২০১৫ মামলার আদেশের বিরুদ্ধে (রায়/আদেশের তারিখ: ০৫.০৭.১৫) আপীল বিভাগে ২৭.০৮.১৯ তারিখ পর্যন্ত কোন আপীল মামলা দায়ের/রুজু করা হয়নি মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তত্ত্বাবধায়ক কর্তৃক প্রদত্ত ০৩.০৯.১৯ তারিখের information slip হতে দেখা যায়।

০৭। রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলায় ১১.০৯.১৪ তারিখের রায়ে পাবনা জেলার সদর উপজেলাধীন খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির আদেশ দেয়া হয়েছে এবং উক্ত আদেশ বাস্তবায়ন না হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-১৬০/২০১৫ মামলা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানটির এমপিওভুক্তির বিষয়ে অথবা মামলাসমূহের বিষয়ে কি করণীয় এ সংক্রান্তে নির্দেশনা প্রদানের জন্য মহোদয় কর্তৃক সূত্রমূলে সচিব, TMED কে অনুরোধ করা হয়।

০৮। উল্লেখ্য, রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের হয়েছে কিনা মহোদয়ের পত্রে তা স্পষ্ট করা হয়নি। তাছাড়া কনটেম্পট মামলায় (মামলা নং-১৬০/১৫) চূড়ান্ত কোন আদেশ হয়েছে কিনা এ বিষয়েও কোন তথ্য পাওয়া যায়নি।

চলমান পাতা

০৯। এক্ষণে পরবর্তী সিদ্ধান্তের জন্য নিম্নবর্ণিত তথ্য আবশ্যক:

ক. রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলায় রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়ের করা হয়েছে কিনা হয়ে থাকলে হাল তারিখের সার্টিফাইড কপিসহ আপীল মামলার সর্বশেষ অবস্থা সংক্রান্ত তথ্য;

খ. রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়ের না হয়ে থাকলে এর কারণ এবং দায়ী কে বা কারা এ সংক্রান্ত তথ্য;

গ. রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলায় ১১.০৯.১৪ তারিখের (হাল তারিখের) সার্টিফাইড কপি (১৭.১০.১৯ তারিখের পরের তারিখ সম্বলিত) ;

ঘ. কনটেম্পট মমালা নং-১৬০/১৫ মামলার সর্বশেষ অবস্থা সংক্রান্ত তথ্য।

১০। এমতাবস্থায়, উপরি-উক্ত তথ্য আগামী ০৬.১১.১৯ তারিখের মধ্যে TMED তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ২৩/১০/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটান গার্ডেন রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।